

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) নবাব আব্দুল লতিফ হলের এক আবাসিক শিক্ষার্থীর বিছানাপত্র সিট (আসন) থেকে নামিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে হল শাখা ছাত্রলীগ নেতার বিরুদ্ধে। সেখানে অন্য এক শিক্ষার্থীকে তুলে দিয়ে ভুক্তভোগী শিক্ষার্থীকে অন্য কক্ষে বেড ভাগাভাগি করে থাকতে বলা হয়েছে। গত মঙ্গলবার রাত সাড়ে ১১টায় এ ঘটনা ঘটে। ভুক্তভোগী সজিব কুমার বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

বিজ্ঞাপন

অভিযুক্ত শামীম হোসেন নবাব আব্দুল লতিফ হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক। সজিব বলেন, ‘আমার বাবা হার্টের রোগী। মা-ও অসুস্থ। এ অবস্থায় আর্থিক সংকটে আমার লেখাপড়া চালানো অসম্ভব হয়ে পড়েছিল।’